| |
|---|
| দক্ষতা নিজের সম্পদ<br>দক্ষ জনশক্তি দেশের সম্পদ |


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ
ডিমলা, নীলফামারী।
E-mail: tscdimla@gmail.com
Website: www.tscdimla.nilphamari.gov.bd
প্রতিষ্ঠান কোডঃ ১৪২৪৬ ইআইআইএনঃ ১৩৩৩৩৯


স্মারক নং- ৫৭.০৩.৭৩১২.৫০০.১১১.৩৯.০৭৬.২৫

তারিখ: ১২/০৩/২০২৫ খ্রি:

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রি-ভোকেশনাল (ষষ্ঠ-অষ্টম), এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল) পর্যায়ে অত্র প্রতিষ্ঠানের উপবৃত্তি কার্যক্রমের ধারাবাহিকতায় ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি-জুন ২০২৫ মেয়াদে উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে নতুন শিক্ষার্থীদের এন্ট্রি এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করা প্রয়োজন। ষষ্ঠ শ্রেণির সকল শিক্ষার্থীর জন্য উপবৃত্তির ফরম জমা দেওয়া বাধ্যতামূলক। অন্যান্য শ্রেণির শুধুমাত্র যারা যারা উপবৃত্তি পাওনি তাদেরকে উপবৃত্তির ফরম জমাদানের জন্য বলা হল।

শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের নির্দেশনা:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে।

(খ) একই অ্যাকাউন্ট নাম্বার একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না। অর্থাৎ একই অ্যাকাউন্ট নাম্বার একাধিক শিক্ষার্থীর জন্য ব্যবহার করা যাবে না। সরকারি অন্য কোন ভাতাদি পেয়ে থাকলে সে একাউন্ট ব্যবহার করা যাবে না

(গ) ব্যাংক অ্যাকাউন্ট, বিকাশ, রকেট, নগদ, এম-ক্যাশ, ওকে-ওয়ালেট ইত্যাদি ব্লক আছে কিনা যাচাই করতে হবে।

আবেদন ফরম (SAF) সঠিকভাবে পূরণ করে আগামী ২৩ মার্চ ২০২৫ খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের নিকট জমাদানের জন্য বলা হল। আবেদন পত্রে শিক্ষার্থীর নির্ধারিত পোষাক পরিহিত অবস্থায় পাসপোর্ট সাইজের ১টি রঙ্গিন ছবি, শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে আবেদন জমা না দিলে উপবৃত্তি প্রাপ্তির বিষয়ে যেকোন জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

আবেদন গ্রহণকারী শিক্ষকবৃন্দ

| ক্রঃ | শ্রেণি | গ্রহণকারীর নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ষষ্ঠ | মনি কৃষ্ণ রায়, জুনিয়র ইন্সট্রাক্টর (আইটি সাপোর্ট) | |
| ২ | সপ্তম | শাহ মোঃ বখতিয়ার কবীর, ইন্সট্রাক্টর (বাংলা) | |
| ৩ | অষ্টম | পরিতোষ চন্দ্র রায়, ইন্সট্রাক্টর (পদার্থ) | |
| ৪ | নবম, দশম<br>একাদশ, দ্বাদশ | বিভাগীয় প্রধান, আইটি সাপোর্ট/ইলেকট্রিক্যাল/ওয়েল্ডিং/এপারেল | |

বিষয়টি অতীব জরুরি।

১২.৩.২৫
(প্রকৌশলী হেমন্ত কুমার রায়)
অধ্যক্ষ
ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
ডিমলা, নীলফামারী।

স্মারক নং- ৫৭.০৩.৭৩১২.৫০০.১১১.৩৯.০৭৬.২৫ (১০)

তারিখ: ১২/০৩/২০২৫ খ্রি:

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী।
৪। একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান।
৫। বিভাগীয় প্রধানগণ, আইটি সাপোর্ট/ইলেকট্রিক্যাল/ওয়েল্ডিং/এপারেল, ননটেক, অত্র প্রতিষ্ঠান।
৬। অফিস নথি।

(প্রকৌশলী হেমন্ত কুমার রায়)
অধ্যক্ষ
ডিমলা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
ডিমলা, নীলফামারী।